Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২৩ বৈশাখ ১৪৩২

# DU in Media

06 May 2025

## নয়া দিগন্ত



ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ১ম জাতীয় বিতর্ক উৎসবে পুরস্কার বিতরণ করেন

### উদয়ন উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে জাতীয় বিতর্ক উৎসব সমাপ্ত

উদয়ন উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের ডিবেটিং ক্লাবের উদ্যোগে 'ফার্স্ট ইউডিসি ন্যাশনালস-২০২৫' শীর্ষক তিন-দিনব্যাপী প্রথম জাতীয় বিতর্ক উৎসব গত রোববার শেষ হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত উৎসবের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

উদয়ন উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ মোহাম্মদ আরিফুর রহমান সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্বকরেন।

এশিয়ান পার্লামেন্টারি পদ্ধতিতে বাংলা বিতর্ক, ব্রিটিশ পার্লামেন্টারি পদ্ধতিতে ইংরেজি বিতর্ক, বাংলা ও ইংরেজি উপস্থিত বক্তৃতা এবং কুইজ প্রতিযোগিতা নিয়ে অনুষ্ঠিত হয় এই উৎসব। কুইজ প্রতিযোগিতায় প্রথম হয়েছে উদয়ন উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের একাদশ শ্রেণীর শিক্ষার্থী জুনায়েত হোসেন। এই উৎসবে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ৩২টি দল বাংলা বিতর্কে ও ১৬টি দল ইংরেজি বিতর্কে অংশগ্রহণ করে। বাংলা বিতর্কে চ্যাম্পিয়ন হয়েছে ঢাকার সরকারি বিজ্ঞান কলেজের বিতর্ক দল 'জিএসসিডিসি নিউট্রন'। ইংরেজি বিতর্কে চ্যাম্পিয়ন ■ ৪র্থ পৃ: ৩-এর কলামে

### উদয়ন উচ্চমাধ্যমিক

৩য় পৃষ্ঠার পর

হয়েছে বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজের বিতর্ক দল 'বিআইএসসিডিসি-২'। বাংলা মাধ্যমের উপস্থিত বক্তৃতায় প্রথম হয়েছে সরকারি বাংলা কলেজের শিক্ষার্থী ইমন আহমেদ এবং ইংরেজি মাধ্যমের উপস্থিত বক্তৃতায় প্রথম হয়েছে শামসুল হক খান স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থী অদ্রিতা অনন্যা জামান। বিজ্ঞপ্তি।

## দৈনিক বর্তমান

### উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে জাতীয় বিতর্ক উৎসব অনুষ্ঠিত

ঢাবি প্রতিনিধি

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ডিবেটিং ক্লাবের উদ্যোগে "ফার্স্ট ইউডিসি ন্যাশনালস-২০২৫" শীর্ষক ৩-দিনব্যাপী ১ম জাতীয় বিতর্ক উৎসব গতকাল ৪ মে ২০২৫ রবিবার শেষ হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত উৎসবের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ মোহাম্মদ আরিফুর রহমান সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

এশিয়ান পার্লামেন্টারি পদ্ধতিতে বাংলা বিতর্ক, ব্রিটিশ পার্লামেন্টারি পদ্ধতিতে ইংরেজি বিতর্ক, বাংলা ও ইংরেজি উপস্থিত বক্তৃতা এবং কুইজ প্রতিযোগিতা নিয়ে অনুষ্ঠিত হয় এই উৎসব। কুইজ প্রতিযোগিতায় প্রথম হয়েছে উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের একাদশ শ্রেণির শিক্ষার্থী জুনায়েত হোসেন। এই উৎসবে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৩২টি দল বাংলা বিতর্কে ও ১৬টি দল ইংরেজি বিতর্কে অংশগ্রহণ করে। বাংলা বিতর্কে চাম্পিয়ন হয়েছে ঢাকার সরকারি বিজ্ঞান কলেজের বিতর্ক দল "জিএসসিডিসি নিউট্রন"। ইংরেজি বিতর্কে চ্যাম্পিয়ন হয়েছে বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজের বিতর্ক দল "বিআইএসসিডিসি-২"। বাংলা মাধ্যমের উপস্থিত বক্তৃতায় প্রথম হয়েছে সরকারি বাংলা কলেজের শিক্ষার্থী ইমন আহমেদ এবং ইংরেজি মাধ্যমের উপস্থিত বক্তৃতায় প্রথম হয়েছে শামসুল হক খান স্কুল এন্ড কলেজের শিক্ষার্থী অদ্রিতা অনন্যা জামান।

## The Bangladesh Today




**Dhaka University VC Prof. Dr. Niaz Ahmed Khan awards winners at the closing ceremony of the 1st National Debate Festival "First UDC Nationals-2025" at Udayan Higher Secondary School. Teams from Govt. Science College and Bangladesh International School clinched top honors in Bengali and English debates.** **Photo: Courtesy**

# National Debate Festival held at Udayan Higher Secondary School

DHAKA: The 3-day 1st National Debate Festival titled "First UDC Nationals-2025," organized by the Debating Club of Udayan Higher Secondary School, concluded on Sunday. Dhaka University Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan was the chief guest at the closing ceremony of the festival organized on the school premises and distributed prizes among the winners of various competitions, a press release said.

Udayan Higher Secondary School Principal Mohammad Arifur Rahman presided over the closing ceremony.

The festival was held with Bengali debate in the Asian parliamentary system, English debate in the British parliamentary system, Bengali and English oral presentations, and quiz competitions. Junayet Hossain, a class 11 student of Udayan Higher Secondary School, came first in the quiz competition. In this festival, 32 teams from various educational institutions participated in Bengali debate and 16 teams in English debate. The debate team "GSCDC Neutron" of Government Science College, Dhaka, emerged as the champion in Bengali debate. Bangladesh International School and College's debate team, "BISCDC-2," has emerged as the champion in English debate. Emon Ahmed, a student of Government Bangla College, came first in the Bangla medium speech, and Adrita Ananya Zaman, a student of Shamsul Haque Khan School and College, came first in the English medium speech.

## কালবেলা

# ঢাবিতে ট্রান্সক্রিপ্ট মার্কশিট ও সার্টিফিকেট সেবায় জরুরি পদক্ষেপ

**কালবেলা প্রতিবেদক ››**

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের ট্রান্সক্রিপ্ট, মার্কশিট ও সার্টিফিকেট সেবার মান বাড়াতে প্রশাসন জরুরি পদক্ষেপ নিয়েছে। শিক্ষার্থীদের অভিযোগ নিষ্পত্তিতে প্রো-ভিসি (প্রশাসন) অফিসের ডেপুটি রেজিস্ট্রার আমিনুল ইসলামকে দায়িত্ব দেওয়া হয়েছে। যোগাযোগের জন্য ইমেইল: servicesupport@du.ac.bd এবং হোয়াটসঅ্যাপ—০১৭৯৭-৪৯০৫৭৫ (শুধু মেসেজ) ব্যবহারের অনুরোধ জানানো হয়েছে। অভিযোগ পাওয়ার দুই কার্যদিবসের মধ্যে ব্যবস্থা নেওয়া হবে। বিশ্ববিদ্যালয় থেকে বিভিন্ন প্রতিষ্ঠানে ট্রান্সক্রিপ্ট পাঠানোর ফি ৫০ মার্কিন ডলার থেকে কমিয়ে ১০ মার্কিন ডলার করা হয়েছে। ট্রান্সক্রিপ্ট উত্তোলনে সরাসরি কোনো টাকা নেওয়া হয় না, সোনালী ব্যাংক শাখা ও অনলাইনের মাধ্যমে টাকা জমা দেওয়া হয়। তবে অধিভুক্ত কলেজগুলোতে এখনো অনলাইন প্রক্রিয়া চালু হয়নি। অনলাইনে ট্রান্সক্রিপ্টের আবেদন চালু রয়েছে, তবে সত্যায়নের কাজ এখনো অফলাইনে হয়। আগামী দুই মাসের মধ্যে পুরো প্রক্রিয়া শিক্ষার্থীবান্ধবভাবে অনলাইনে রূপান্তরের উদ্যোগ নেওয়া হয়েছে। ট্রান্সক্রিপ্ট সেকশনকে বড় কক্ষে স্থানান্তর এবং তথ্য কেন্দ্রকে আরও কার্যকর করার পরিকল্পনা রয়েছে। পাশাপাশি কুরিয়ার সার্ভিসের মাধ্যমে ট্রান্সক্রিপ্ট পাঠানোর ব্যবস্থাও নেওয়া হবে।

## ইনকিলাব

# ঢাবিতে ট্রান্সক্রিপ্ট-মার্কশীট-সার্টিফিকেট সেবার মান বৃদ্ধিতে জরুরি পদক্ষেপ

**প্রেস বিজ্ঞপ্তি :** ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের জন্য ট্রান্সক্রিপ্ট, মার্কশীট ও সার্টিফিকেটসহ বিভিন্ন বিষয়ে সেবার মান বৃদ্ধির লক্ষ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসন জরুরি পদক্ষেপ গ্রহণ করেছে। ট্রান্সক্রিপ্ট, সার্টিফিকেট ও মার্কশীটসহ বিভিন্ন বিষয়ে শিক্ষার্থীদের জরুরি অভিযোগ নিষ্পত্তির জন্য প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন)-অফিসের ডেপুটি রেজিস্ট্রার আমিনুল ইসলামকে দায়িত্ব প্রদান করা হয়েছে। জরুরি প্রয়োজনে শিক্ষার্থীরা ই-মেইল: servicesupport@du.ac.bd অথবা হোয়াটসঅ্যাপ : ০১৭৯৭-৪৯০৫৭৫ (শুধু মেসেজের জন্য) নম্বরে যোগাযোগ করতে পারবেন। এক্ষেত্রে অভিযোগ প্রাপ্তির ২ কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষার্থীর সঙ্গে ই-মেইল/হোয়াটসঅ্যাপের মাধ্যমে যোগাযোগ করা হবে এবং অভিযোগ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হবে।

উল্লেখ্য, নির্ধারিত ফি গ্রহণের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রতিনিয়তই অনলাইনে, ই-মেইলে দেশ-বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়/সংস্থা/প্রতিষ্ঠানে ট্রান্সক্রিপ্ট পাঠানো হয়। সম্প্রতি এসংক্রান্ত সার্ভিস চার্জ ৫০ মার্কিন ডলার থেকে কমিয়ে ১০ মার্কিন ডলার করা হয়েছে। এই চার্জ শুধু ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অন্য বিশ্ববিদ্যালয়/সংস্থা/প্রতিষ্ঠানে পাঠানোর ক্ষেত্রে প্রযোজ্য।

প্রসঙ্গত, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ট্রান্সক্রিপ্ট উত্তোলনের জন্য সরাসরি কোনো টাকা গ্রহণ করা হয় না। বিশ্ববিদ্যালয় শাখা সোনালী ব্যাংক অথবা অনলাইনের মাধ্যমে (অনলাইন ব্যাংকিং ও মোবাইল ব্যাংকিং) টাকা গ্রহণ করা হয়ে থাকে। তবে অধিভুক্ত কলেজের ক্ষেত্রে অনলাইন প্রক্রিয়া এখনো শুরু করা সম্ভব হয়নি।

# Advertisement

## ঢাবিতে ট্রান্সক্রিপ্ট-মার্কশিট-সার্টিফিকেট সেবার মান বৃদ্ধিতে জরুরি পদক্ষেপ

ক্যাম্পাস (HTTPS://JAMUNA.TV/NEWS/CATEGORY/CAMPUS) | 5TH MAY, 2025 5:42 PM






ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের জন্য ট্রান্সক্রিপ্ট, মার্কশিট ও সার্টিফিকেটসহ বিভিন্ন বিষয়ে সেবার মান বৃদ্ধির লক্ষ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসন জরুরি পদক্ষেপ গ্রহণ করেছে। এসব বিষয়ে শিক্ষার্থীদের জরুরি অভিযোগ নিষ্পত্তির জন্য প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অফিসের ডেপুটি রেজিস্ট্রার আমিনুল ইসলামকে দায়িত্ব প্রদান করা হয়েছে।

সোমবার (৫ মে) এক বিজ্ঞপ্তিতে তা জানানো হয়েছে। এতে বলা হয়, জরুরি প্রয়োজনে শিক্ষার্থীরা servicesupport@du.ac.bd ঠিকানায় ই-মেইল অথবা হোয়াটসঅ্যাপ নাম্বার ০১৭৯৭-৪৯০৫৭৫-এ বার্তা দিয়ে যোগাযোগ করতে পারবেন। এক্ষেত্রে অভিযোগ প্রাপ্তির দুই কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষার্থীর সঙ্গে ই-মেইল বা হোয়াটসঅ্যাপের মাধ্যমে যোগাযোগ করা হবে এবং অভিযোগ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিজ্ঞপ্তিতে উল্লেখ্য করা হয়, নির্ধারিত ফির মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রতিনিয়ত অনলাইন ও ই-মেইলে দেশ-বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়/সংস্থা/প্রতিষ্ঠানে ট্রান্সক্রিপ্ট পাঠানো হয়। এ সংক্রান্ত সার্ভিস চার্জ সম্প্রতি ৫০ মার্কিন ডলার থেকে কমিয়ে ১০ মার্কিন ডলার করা হয়েছে। এই চার্জ শুধু ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অন্য বিশ্ববিদ্যালয়/সংস্থা/প্রতিষ্ঠানে পাঠানোর ক্ষেত্রে প্রযোজ্য।

এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ট্রান্সক্রিপ্ট উত্তোলনের জন্য সরাসরি কোনো টাকা নেয়া হয় না। বিশ্ববিদ্যালয় শাখা সোনালী ব্যাংক অথবা অনলাইনের মাধ্যমে (অনলাইন ব্যাংকিং ও মোবাইল ব্যাংকিং) টাকা গ্রহণ করা হয়ে থাকে। তবে অধিভুক্ত কলেজের ক্ষেত্রে অনলাইন প্রক্রিয়া এখনও শুরু করা সম্ভব হয়নি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য ইতোপূর্বেই অনলাইনে ট্রান্সক্রিপ্টের আবেদন পদ্ধতি চালু করা হয়েছে। এ পদ্ধতি অনুসরণ করে শিক্ষার্থীরা ট্রান্সক্রিপ্টের জন্য অনলাইনে আবেদন করে থাকেন। তবে ট্রান্সক্রিপ্ট, সার্টিফিকেট ও মার্কশীট সত্যায়ন প্রক্রিয়া এখনও অনলাইনে শুরু হয়নি। এই প্রক্রিয়া আরও সহজ ও স্পষ্ট করার জন্য প্রশাসন ইতোমধ্যেই উদ্যোগ গ্রহণ করেছে। আগামী ২ মাসের মধ্যে ট্রান্সক্রিপ্ট/মার্কশিট/সার্টিফিকেটের জন্য অনলাইনে আবেদন করার প্রক্রিয়াগুলো আরও শিক্ষার্থীবান্ধব করা হবে বলে বিজ্ঞপ্তিতে বলা হয়।

এছাড়া, অনলাইনের পাশাপাশি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অন্য বিশ্ববিদ্যালয়/সংস্থা/প্রতিষ্ঠানে হার্ডকপি ট্রান্সক্রিপ্ট সরাসরি দ্রুত পাঠানোর ক্ষেত্রে কুরিয়ার কোম্পানিগুলোর সঙ্গে যোগাযোগ করে ব্যবস্থাগ্রহণের বিষয়েও ঢাবি প্রশাসনের পরিকল্পনা রয়েছে।

# The Daily Observer

dailyobserver

## DU revamps transcript, mark sheet, certificate services

Published : Monday, 5 May, 2025 at 7:01 PM
*DU Correspondent*




Dhaka University has taken swift action to fix problems with transcript, marksheet and certificate services following widespread student complaints.

Mohammad Rafiqul Islam, Acting Director, Public Relations Office confirmed on Monday.

Latest news of The Daily Observer now in Google News

Deputy Registrar Aminul Islam from Pro-Vice Chancellor's Administration Office will now oversee these critical services, with emergency support available via servicesupport@du.ac.bd or WhatsApp (01797-490575, messages only). University staff pledge to respond within two working days to address student concerns.

International transcript fees have dropped from USD 50 to USD 10, whilst maintaining online delivery options to universities and organisations worldwide upon payment. Students must process payments through Sonali Bank branches on campus or via digital banking platforms, with no direct payments accepted at transcript offices.

Though online applications for transcripts are now available, verification processes remain offline. Administration sources confirm plans to implement fully digital verification within eight weeks alongside simplified application procedures.

Updated guidelines detailing exact requirements for document collection will appear on university website by Wednesday, whilst partnerships with courier companies are being established to complement digital delivery with faster physical document shipping.

Physical improvements include relocating transcript services to larger premises and transforming University Information Centre into a comprehensive hub for document-related queries.

College affiliates must continue using existing systems as online processes have not yet extended to these institutions.

DHAKA POST

# ঢাবি শিক্ষার্থীদের ট্রান্সক্রিপ্ট ও সার্টিফিকেট সেবায় বড় পরিবর্তন

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক
৫ মে ২০২৫, ১৯:১৩




**ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) শিক্ষার্থীদের জন্য ট্রান্সক্রিপ্ট, মার্কশিট ও সার্টিফিকেটসহ বিভিন্ন বিষয়ে সেবার মান বৃদ্ধির লক্ষ্যে জরুরি পদক্ষেপ গ্রহণ করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।**

সোমবার (৫ মে) বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে দেওয়া এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ট্রান্সক্রিপ্ট, সার্টিফিকেট ও মার্কশিটসহ বিভিন্ন বিষয়ে শিক্ষার্থীদের জরুরি অভিযোগ নিষ্পত্তির জন্য প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অফিসের ডেপুটি রেজিস্ট্রার আমিনুল ইসলামকে দায়িত্ব প্রদান করা হয়েছে।

জরুরি প্রয়োজনে শিক্ষার্থীরা ই-মেইল: servicesupport@du.ac.bd অথবা হোয়াটসঅ্যাপ: ০১৭৯৭-৪৯০৫৭৫ (শুধু মেসেজের জন্য) নম্বরে যোগাযোগ করতে পারবেন। এক্ষেত্রে অভিযোগ প্রাপ্তির ২ কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষার্থীর সঙ্গে ই-মেইল অথবা হোয়াটসঅ্যাপের মাধ্যমে যোগাযোগ করা হবে এবং অভিযোগ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে আরও উল্লেখ করা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বিদেশি বিশ্ববিদ্যালয়, সংস্থা অথবা প্রতিষ্ঠানে ট্রান্সক্রিপ্ট পাঠানোর ক্ষেত্রে নির্ধারিত ফি ৫০ মার্কিন ডলার থেকে কমিয়ে ১০ মার্কিন ডলার নির্ধারণ করা হয়েছে।

তবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ট্রান্সক্রিপ্ট উত্তোলনের জন্য সরাসরি কোনো টাকা গ্রহণ করা হয় না। বিশ্ববিদ্যালয় শাখা সোনালী ব্যাংক অথবা অনলাইনের মাধ্যমে টাকা গ্রহণ করা হয়ে থাকে। তবে অধিভুক্ত কলেজের ক্ষেত্রে অনলাইন প্রক্রিয়া এখনো শুরু করা সম্ভব হয়নি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য ইতঃপূর্বেই অনলাইনে ট্রান্সক্রিপ্টের আবেদন পদ্ধতি চালু করা হয়েছে। তবে ট্রান্সক্রিপ্ট, সার্টিফিকেট ও মার্কশিট সত্যায়ন প্রক্রিয়া এখনও অনলাইনে শুরু হয়নি। এই প্রক্রিয়া আরও সহজ ও স্পষ্ট করার জন্য প্রশাসন ইতোমধ্যেই উদ্যোগ গ্রহণ করেছে।

জানানো হয়েছে, আগামী ২ মাসের মধ্যে ট্রান্সক্রিপ্ট, মার্কশিট ও সার্টিফিকেটের জন্য অনলাইনে আবেদন করার প্রক্রিয়াগুলো আরও শিক্ষার্থীবান্ধব করে উপস্থাপন করবে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

ট্রান্সক্রিপ্টের জন্য সংশ্লিষ্ট মার্কশিট এর পাশাপাশি ট্রান্সক্রিপ্ট, সার্টিফিকেট ও মার্কশিট উত্তোলনের ধাপগুলো সম্পর্কে অতিদ্রুত ২ কার্যদিবসের মধ্যে বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে সুস্পষ্টভাবে তথ্য প্রদান করা হবে জানা যায়। এছাড়া, অনলাইনের পাশাপাশি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অন্য বিশ্ববিদ্যালয়,সংস্থা অথবা প্রতিষ্ঠানে হার্ডকপি ট্রান্সক্রিপ্ট সরাসরি দ্রুত পাঠানোর ক্ষেত্রে কুরিয়ার কোম্পানিগুলোর সঙ্গে যোগাযোগ করে ব্যবস্থা গ্রহণের বিষয়ে প্রশাসনের পরিকল্পনা রয়েছে প্রশাসনের।

শিক্ষার্থীদের সুবিধার্থে ট্রান্সক্রিপ্ট সেকশনটি অপেক্ষাকৃত একটি বড় কক্ষে স্থানান্তরের প্রক্রিয়া শুরু হয়েছে। পাশাপাশি ট্রান্সক্রিপ্ট, সার্টিফিকেট ও মার্কশিটের বিষয়গুলোর ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্য কেন্দ্রকে আরও শিক্ষার্থীবান্ধব করে গড়ে তোলারও উদ্যোগ নেওয়া হচ্ছে।